

সনির হত্যাকারীদের সমুচিত শাস্তি দেয়া হবে : প্রধানমন্ত্রী

বাসস ॥ প্রধানমন্ত্রী খালেদা জিয়া বলেছেন, বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ছাত্রী সাবেকুন নাহার সনিকে হত্যার জন্য অপরাধীদের সমুচিত দণ্ড প্রদান করা হবে। এই স্মরণিক হত্যায় জড়িত প্রমাণিত হলে সে যেই হোক কাউকেই রেহাই দেয়া হবে না। গতকাল রবিবার বিকেলে (২য় পৃষ্ঠায় ২-এর কঃ প্রঃ)

সনির হত্যাকারীদের

(প্রথম পৃষ্ঠার পর)

সনির বাবা হাবিবুর রহমান, মা দিলারা বেগম ও পরিবারের অন্যান্য সদস্য প্রধানমন্ত্রীর অফিসে তাঁর সঙ্গে সাক্ষাৎ করতে এলে বেগম জিয়া তাঁদেরকে আশ্বাস দেন। তিনি সনির অকাল মৃত্যুতে দুঃখ প্রকাশ করে বলেন, সনিকে শুধু তার পরিবার নয়, গোটা দেশও তাকে হারিয়েছে। তিনি সনির রুহের মাগফেরাত কামনা করে তার পিতা-মাতাকে সাহসনা দেন।

সনির বাবা-মা সনির হত্যাকারীদের বিচারের লক্ষ্যে প্রধানমন্ত্রী যেসব পদক্ষেপ নিয়েছেন সে জন্য তাঁদের কৃতজ্ঞতা জ্ঞাপন করেন ও আশা প্রকাশ করেন, সরকার এ ধরনের ঘটনা পুনরাবৃত্তি রোধে ব্যবস্থা নেবেন ও সনির স্মৃতিকে বাঁচিয়ে রাখার জন্য কিছু করবেন। প্রধানমন্ত্রী সনির হত্যাকাণ্ডে জড়িতদের হেফতारे স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও অন্যান্য সংশ্লিষ্ট এজেন্সিকে নির্দেশ দিয়েছেন। তিনি সনির স্মৃতি রক্ষার ব্যাপারে কিছু করার আশ্বাস দেন।

সনির বাবা-মা জানান, তাদের কন্যাকে নিয়ে কোনো মহলকে রাজনীতি করে ফায়দা লুটতে দেবেন না।

আজ বুয়েটে মানববন্ধন

ইউএনবি জানায়, বুয়েটের ছাত্ররা সাবেকুন নাহার সনির হত্যাকারীদের শাস্তির দাবীতে আজ সোমবার বেলা সাড়ে দশটায় ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউশনের সামনে মানববন্ধন কর্মসূচী পালন করবে।